

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.৩৮৫.১৮-

তারিখ: ০৭/০৬/২০১৮

বিষয়ঃ যৌথ বিনিয়োগে স্থাপিত ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প কারখানার অনুকূলে বিদেশী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ বিনা মূল্যে প্রেরিত টেক্সটাইল যন্ত্রপাতি ছাড়করণের লক্ষ্যে আই,পি জারী করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স এ্যাপটেক ক্যাশওয়ার্যার লিমিটেড। অফিসঃ লুৎফন টাওয়ার,ই-১৩,মধ্যবাড্ডা, বাড্ডা, ঢাকা, কারখানাঃ এ্যাপটেক ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হোল্ডিং নং-৩০, সারাব, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক কারখানাটি একটি যৌথ বিনিয়োগে স্থাপিত ১০০% রপ্তানি তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান। নিবন্ধন সংখ্যাঃ- আরএমজি/ইএক্সপি ০০০৫৪২-১৮, তারিখঃ ২৯/০৫/২০১৮ ইং। বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিদেশী সরবরাহকারী কর্তৃক সম্পূর্ণ বিনা মূল্যে কিছু টেক্সটাইল যন্ত্রপাতি সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড় করণের অপেক্ষায় কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল যন্ত্রপাতি ছাড় করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিদেশী সরবরাহকারী কর্তৃক সম্পূর্ণ বিনা মূল্যে প্রেরিত টেক্সটাইল যন্ত্রপাতির ইনভয়েস নং- R18077DOC তারিখঃ Date:28/05/18, বি/এল নং- 61200222536 তারিখঃ Date: 31/05/18 খ্রিষ্টাব্দ দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল যন্ত্রপাতি তাঁদের কারখানায়- এ্যাপটেক ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হোল্ডিং নং-৩০, সারাব, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক স্থানে স্থানীয় বিনিয়োগে স্থাপিত ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প যন্ত্রপাতির সহিত সংযুক্ত করে উৎপাদন কাজে ব্যবহার হবে বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায় উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে বিদেশী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ বিনা মূল্যে প্রেরিত টেক্সটাইল যন্ত্রপাতি খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান শুদ্ধায়ন নীতিমালা ও আমদানি নীতি-২০১৫-২০১৮ অনুযায়ী সরকারী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর ও মোতাবেক প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই,পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬
তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।


১০৪ :
(মোঃ সাইফুর রহমান)
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা (অঃ দাঃ)
dlexport@dot.gov.bd
ফোনঃ ৯১১৪২০৯

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.৩৮৫.১৮- ১২৯৩

তারিখ: ০৭/০৬/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এ্যাপটেক ক্যাশওয়ার্যার লিমিটেড। অফিসঃ লুৎফন টাওয়ার,ই-১৩,মধ্যবাড্ডা, বাড্ডা, ঢাকা, কারখানাঃ এ্যাপটেক ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হোল্ডিং নং-৩০, সারাব, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর।
- ০৩। মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


(মোঃ নিজাম উদ্দিন)
সহকারী পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adlexport@dot.gov.bd
ফোনঃ ৯১১১১০৯